যুগান্তর

তারিখ ... 21 JUN 2016 ...
পৃষ্ঠা ... কলাম ...

# লালপুরে শিক্ষা কর্মকর্তার পকেটে উন্নয়ন প্রকল্পের টাকা

**লালপুর (নাটোর) প্রতিনিধি**

সরকারি প্রাথমিক বিদ্যালয়ভিত্তিক উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন এবং তা বাস্তবায়ন (স্লিপ) কার্যক্রমের ৪০ হাজার টাকা ছাড় করতে উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আশরাফুল ইসলাম উপজেলার সবকটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের কাছ থেকে ৭ হাজার টাকা করে প্রায় সাত লক্ষাধিক টাকা হাতিয়ে নিয়েছেন বলে অভিযোগ পাওয়া গেছে। সূত্রে জানা যায়, প্রাথমিক শিক্ষা অধিদফতরের এক স্মারকে শতভাগ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষা কার্যক্রম সম্প্রসারণের নিমিত্তে ২০১৫-১৬ অর্থবছরে বিদ্যালয় প্রতি ৪০ হাজার টাকা বরাদ্দ দেয়া হয়। লালপুর উপজেলার মোট ১০৮টি শিক্ষাপ্রতিষ্ঠানের বরাদ্দকৃত মোট ৪৩ লাখ ২০ হাজার টাকা ছাড় করাতে প্রতিটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষকের কাছ থেকে ৭ হাজার টাকা করে সর্বমোট ৭ লাখ ৫৬ হাজার টাকা হাতিয়ে নিয়েছেন উপজেলা শিক্ষা অফিসার। নাম প্রকাশ না করার শর্তে একাধিক প্রধান শিক্ষক জানান, উপজেলা শিক্ষা অফিসার আশরাফুল আলম টাকা ছাড়করণের আগেই তাদের কাছ থেকে নগদ ৭ হাজার টাকা গ্রহণ করেন। এ প্রসঙ্গে লালপুর উপজেলা প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি আনোয়ার হোসেন বলেন, ভেতরে ভেতরে অনেক ঘটনা ঘটে, কেউ সাক্ষী দিতে চায় না। তাই এ ব্যাপরে আমার কোনো মন্তব্য নেই। এ ব্যাপারে উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আশরাফুল ইসলাম জানান, দু-একজন যা বলছে তা বানোয়াট, এর কোনো ভিত্তি নেই।